



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগ খোলার ও পাঠদানের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৯-০৭-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৬.২০১৫-৩৩২/১(৩) নং স্মারক পত্র।  
খ) অধ্যক্ষ মহোদয়ের ০৩-০৮-২০১৫ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-১৮৭৮) আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে আপনার কলেজে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে বিজ্ঞান বিভাগ খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

বিষয় সমূহ :

বিভাগ	বিজ্ঞান
বিষয়	১) পদার্থ বিজ্ঞান, ২) রসায়ন বিজ্ঞান, ৩) জীব বিজ্ঞান, ৪) উচ্চতর গণিত।

আরোপিত শর্ত সমূহ :

- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহণ করবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরীতে কমপক্ষে ২০০০(দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৫। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- ৮। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- ৯। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১০। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১১। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১২। পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস হিসাবে বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

প্রাপক : অধ্যক্ষ

দোয়ারকাদাস আগরওয়ালা মহিলা কলেজ  
ডাক : হরিনারায়ণপুর, সদর, কুষ্টিয়া।

৩৪৫  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
যশোর  
ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং -ক/অ/

১৯৭৬ (২০)/৬

তারিখ : ১৮/৮/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া।
- ৮। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
যশোর

১৮/৮/১৫